25

দৈনিক ইত্তেফাক

তারিখ 18 DEC 1993
পৃষ্ঠা 3 কলাম 2

# এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফি বৃদ্ধি

মাইনুল হাসান ॥ দেশের ৪টি শিক্ষাবোর্ড একযোগে এই বছর এস এস সি ও এইচ এস সি পরীক্ষার ফি আরও এক দফা বৃদ্ধি করিয়াছে। বেশ কয়েক বছর ধরিয়া বোর্ডের এই প্রবণতা লক্ষ্য করা যাইতেছে। ১৯৯৪ সনে অনুষ্ঠিতব্য এস এস সি ও এইচ এস সি পরীক্ষার প্রতিটি পত্রে ফি বৃদ্ধি হইয়াছে পাঁচ টাকা করিয়া। এস এস সি, পরীক্ষায় কেন্দ্র ফি ১০ টাকা ও এইচ এস সি পরীক্ষায়

(৪র্থ পৃঃ দ্রঃ)

## পরীক্ষার ফি বৃদ্ধি

(৩য় পৃঃ পর)

২০ ও ৪০ টাকা (বিজ্ঞান বিভাগ) বৃদ্ধি করা হইয়াছে। শেষোক্ত পরীক্ষার বিলম্ব ফি বৃদ্ধি হইয়াছে গত বছরের তুলনায় তিন গুণ বেশী। অন্তঃ শিক্ষাবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। বোর্ড ফি বৃদ্ধির সাথে সাথে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব অন্যান্য ফিও বৃদ্ধি পাইতেছে।